স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

প্রথম পত্র [**(S-1) SBG-I** : **Bangla Sahityer Itihas O Bhasatattwa**]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) বাঙালি জনগোষ্ঠীর সভ্যতার ইতিহাসের সূচনা ও তার বিস্তার সুপ্রাচীন। এ প্রসঙ্গে বাঙালির সংস্কৃতির বিকাশ পর্বের ইতিবৃত্ত প্রাচীন শাস্ত্রগ্রন্থ অনুসরণে বিবৃত করুন।

(খ) বাংলার সমাজ-সাহিত্য-সংস্কৃতি ও ধর্মীয় জীবনে শ্রীচৈতন্যের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) কৃত্তিবাস রচিত রামায়ণ বাঙালির মননে ও জীবনে যে অভিনব অনুভূতি সঞ্চার করেছিল তা-ই কবির কাব্যের জনপ্রিয়তার কারণ। — মন্তব্যটি বিচার করুন।

(ঘ) বাংলাভাষী জনগণের ভাব প্রকাশের ভাষা ক্রমান্বয়ে অঞ্চল ভিত্তিতে বিভাজিত হয়ে যে উপভাষার সৃষ্টি করেছে, সংক্ষেপে তার পরিচয় দিন। প্রসঙ্গত 'বঙ্গালি' উপভাষার বৈশিষ্ট্য আলোচনা করুন।

(ঙ) বাংলা গদ্যে রামমোহন ও বিদ্যাসাগরের অবদান আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলাভাষার উৎস ও যুগবিভাগ বিশ্লেষণ করে আধুনিক বাংলা ভাষার বিকাশ পর্ব আলোচনা করুন।

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ঐতিহাসিক গুরুত্ব ও বিষয়বস্তুর পরিচয় দিন।

(গ) ''ধর্মদেবতা ও ধর্মমঙ্গল কাব্য প্রচলিত কাব্যধারা থেকে পৃথক। রূপরাম ও ঘনরাম চক্রবর্তীর রচনা চরিত্রচিত্রণ ও ভাষা প্রয়োগে অবিস্মরণীয়।'' —আলোচনা করুন।

(ঘ) বৈষ্ণব পদ রচনায় চণ্ডীদাস ও বিদ্যাপতির বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করুন।

(ঙ) পঞ্চদশ শতকে মহম্মদ সগীর-এর পর আরাকানের দৌলত কাজী ও সৈয়দ আলাওলের কাব্য 'লোরচন্দ্রানী' ও 'পদ্মাবতী' নিজগুণে প্রসিদ্ধি লাভ করেছে। — মন্তব্যটি বিচার করুন।

(চ) রবীন্দ্র সমকালীন তিনজন কবি ও তাঁদের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ছ) দ্বিতীয় মহাযুদ্ধের সময় বাঙালির আর্থ-সামাজিক দুর্যোগ বিপত্তির মধ্যে গণনাট্য আন্দোলনের তিন নায়ক বিজন ভট্টাচার্য, দিগিন বন্দ্যোপাধ্যায় ও তুলসী লাহিড়ী যে অসাধারণ ভূমিকা পালন করেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদে বর্ণিত সমাজ জীবন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) মনসামঙ্গল কাব্যের কবি বিজয়গুপ্তের কবিকৃতির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(গ) বাংলা গদ্য ভাষার বিবর্তনে প্যারীচাঁদ মিত্রের অবদান সম্পর্কে বলুন।

(ঘ) 'কমলাকান্তের দপ্তর'-এর বিশিষ্টতা কোথায় তা লিখুন।

(ঙ) মধ্যযুগে চৈতন্য সমকালীন কবি নরহরি সরকার-এর রচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(চ) ত্রয়ী মহাকাব্যের রচয়িতার নাম, কাব্য তিনটির নাম ও বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ছ) শূন্যস্থান পূরণ করুন :

i) অদ্ভুত আচার্যের কাব্যের নাম ..... ।

ii) মহম্মদ সগীর ..... কাব্য রচনা করেন।

iii) কীর্তিলতা কাব্যের রচয়িতা .....। তার অপর কাব্যের নাম ..... ।

iv) অমৃতলাল-এর বিদ্রুপাত্মক ও কৌতুক নাটকের নাম ..... ।

v) নববাবুবিলাস রচনা করেছেন ..... ।

(জ) রবীন্দ্রনাথের যে-কোনো একটি রূপক-সাংকেতিক নাটকের নাম ও পরিচয় দিন।